

DD/10  
20/10/2021

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)  
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা  
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২২১.১৪.১৬১.৯৭. ৫২০৪

তারিখ: ১৫-০১-২০২১ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, পরিচালকের দপ্তর, সেমসুতে পদায়িত আপনি, জনাব মোঃ সবুর খান, রেডিও টেকনিশিয়ান ০১/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং প্রায়শঃ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন; এবং

২.০ যেহেতু, আপনি অনুপস্থিতির পরবর্তী দিনে অফিসে এসে হাজিরা খাতায় পূর্ববর্তী অনুপস্থিত দিনের স্বাক্ষর করেন এবং অফিসে না আসা ও বিনানুমতিতে অফিস ত্যাগের কারণে আপনাকে পদায়িত দপ্তর কর্তৃক মৌখিকভাবে বহবার সতর্ক করা হলেও একই ধরনের কাজ বার বার করে আসছেন; এবং

৩.০ যেহেতু, পূর্বানুমতি ব্যতিরেকে ভোগকৃত ছুটি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক ভূতাপেক্ষভাবে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হয় এবং আপনাকে এ ধরনের ছুটি ভোগ করা হতে বিরত থাকার জন্য ও ছুটি ভোগের ক্ষেত্রে নিয়ম অনুসরণের জন্য মঞ্জুরিপত্রে বার বার সতর্ক করা হলেও আপনার অভ্যাসের পরিবর্তন না হওয়ায় বিষয়টি সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক এ দপ্তরকে অবহিত করা হয়; এবং

৪.০ যেহেতু, আপনার এ ধরনের আচরণ 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ বিধায় আপনার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

৫.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(ঈ) প্রবিধি মোতাবেক চাকুরি হতে 'বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

৬.০ যেহেতু, আপনি বিভাগীয় মামলার জবাব দাখিল করে শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করেন ও ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে গত ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখ আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে আপনি শারীরিক অসুস্থতাসহ সড়ক দুর্ঘটনায় পায়ের অপারেশনের কারণে উল্লিখিত দিনগুলিতে অনুপস্থিত ছিলেন মর্মে উল্লেখ করে অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে যথানিয়মে কার্যসম্পাদনের অঙ্গীকার করেন; এবং

৭.০ যেহেতু, আপনার বিরুদ্ধে আনিত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, ব্যক্তিগত শুনানি, নথিতে রক্ষিত যাবতীয় তথ্যাদি ও পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক বিভাগীয় মামলায় আনিত অভিযোগের দায়ে দোষী সাব্যস্ত করে আপনাকে লঘু দণ্ড প্রদানপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৪০ (১) (ক) (আ) প্রবিধি মোতাবেক লঘু দণ্ড হিসেবে ২০২১ সাল পর্যন্ত আপনার পদোন্নতি স্থগিত করা হলো এবং বিভাগীয় মামলায় আনিত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো। একইসাথে অনুপস্থিতির দিনগুলো (০১-০৯-২০২০ খ্রিঃ তারিখ হতে যোগদানের পূর্ব পর্যন্ত) বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে ভূতাপেক্ষভাবে মঞ্জুর করা হলো।

৯.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৫/০১/২০২১

(মোঃ মিজানুর রহমান)

সদস্য (প্রশাসন)

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৮৯০১০৬৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (সিএনএস)/পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পরিচালক (সেমসু), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/সহকারী পরিচালক (প্রশাসন-২), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। জনাব মোঃ সবুর খান (পিতা-মোঃ লায়েছ খান), রেডিও টেকনিশিয়ান, পরিচালকের দপ্তর, সেমসু, কুর্মিটোলা, ঢাকা।